যুগান্তর

তারিখ 11 MAY 2016
পৃষ্ঠা 2 কলাম 6

### রাবি অধ্যাপক হত্যা

# থামব না, আন্দোলন চলবে : ভিসি

**রাবি প্রতিনিধি**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এএফএম রেজাউল করিম সিদ্দিকীর খুনিরা গ্রেফতার না হওয়া পর্যন্ত প্রতিদিন আধা ঘণ্টা কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছে শিক্ষক সমিতি। আর এই কর্মসূচিতে অংশ নেয়ার জন্য বিশ্ববিদ্যালয় পরিবারের সবাইকে আহ্বান জানিয়েছেন ভিসি অধ্যাপক ড. মুহম্মদ মিজানউদ্দিন। মঙ্গলবার সকালে সিনেট ভবন চত্বরে আয়োজিত মানববন্ধনে তিনি এই আহ্বান জানান। ভিসি বলেন, 'থেমে গেলে চলবে না। থেমে গেলে শিক্ষক হত্যাকাণ্ড বাড়তেই থাকবে। এজন্য বিশ্ববিদ্যালয় পরিবারকে ঐক্যবদ্ধ হতে হবে। আপনারা (শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারী) প্রতিদিন আধা ঘণ্টা অফিসের কাজ রেখে আন্দোলনে শরিক হোন।' হত্যাকাণ্ডের ১৮ দিন পেরিয়ে গেলেও পুলিশি তদন্তের কোনো অগ্রগতি না হওয়ায় তিনি ক্ষোভ প্রকাশ করেন।

মানববন্ধনে প্রোভিসি অধ্যাপক চৌধুরী সারওয়ার জাহান, কোষাধ্যক্ষ অধ্যাপক সায়েন উদ্দিন আহমেদ, রাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মুহম্মদ শহীদুল্লাহ, সাধারণ সম্পাদক অধ্যাপক মো. শাহ আজম, ইংরেজি বিভাগের সভাপতি সহযোগী অধ্যাপক ড. মাসউদ আখতার, বাংলা বিভাগের অধ্যাপক সফিকুন্নবী সামাদী, বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা মো. রাব্বেল হোসেন প্রমুখ বক্তব্য দেন। এই কর্মসূচিতে ইংরেজি বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরাও অংশ নেন।

উল্লেখ্য, গত ২৩ এপ্রিল রাজশাহী নগরীর শালবাগান এলাকায় নিজ বাড়ির প্রায় দেড়শ' গজ দূরে খুন হন ইংরেজি বিভাগের অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকী।